কোভিড-১৯ এ এমএফআই

# ব্রাঞ্চ ম্যানেজার ও ক্রেডিট অফিসারদের প্রশিক্ষণ নির্দেশিকা




**করোনা**: একটি ভাইরাস যার কারণে COVID 19 রোগ হয়

MetLife Foundation

MSC
MicroSave Consulting

# বিভাগ ১ - ব্রাঞ্চ অফিস এবং ফিল্ড পর্যায়ে কর্মীদের স্ব-সুরক্ষা/নিজ সুরক্ষা ব্যবস্থা

**সারাংশ -** এই অংশে ব্রাঞ্চ ম্যানেজার ও ক্রেডিট অফিসারের মধ্যে করোনা ভাইরাস নিয়ে একটি আলোচনার বর্ণনা রয়েছে। তারা COVID মহামারী থেকে রক্ষার জন্য বিভিন্ন স্ব-সুরক্ষা / নিজ সুরক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা করেন, যা ফিল্ড কর্মীদের গ্রহণ করা উচিত।

## অবস্থান -ব্রাঞ্চ অফিস



## চরিত্র -




নাজমুল ভাই, নভেল করোনা ভাইরাস কী?
ফাতিমা, নভেল করোনা ভাইরাস হলো শ্বাসতন্ত্রকে আক্রমণকারী এমন এক ভাইরাস যাতে মানুষ আগে কখনো আক্রান্ত হয়নি।
এটি ডিসেম্বর ২০১৯ সালে চীনের উহান শহরে প্রথম পাওয়া গিয়েছিলো।

# কোভিড ১৯ সম্পর্কে সচেতনতা



# কোভিড ১৯ সম্পর্কে সচেতনতা



# কোভিড ১৯ সম্পর্কে সচেতনতা



# কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা






# কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা






1. আপনার পরিবারের সদস্যদের সুরক্ষিত রাখতে, দয়া করে কোনও আলাদা ঘরে থাকুন এবং সারাক্ষণ একটি মাস্ক পরে থাকুন
2. একেবারে প্রয়োজনীয় না হলে বাইরে যাবেন না
3. সুস্থ ব্যক্তি থেকে ১মিটার বা ৩ফুট দূরত্ব বজায় রাখুন
4. সাবান পানি দিয়ে ঘনঘন হাত ধুয়ে নিন বা স্যানিটাইজার ব্যবহার করুন

# ব্রাঞ্চে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# ব্রাঞ্চে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা

## ব্রাঞ্চ এবং কর্মীদের প্রস্তুতির জন্য পদক্ষেপ

### আমাদের নিশ্চিত করতে হবে যে স্যানিটাইজার, হ্যান্ড ওয়াশ এবং ফিনাইল পর্যাপ্ত পরিমাণে রয়েছে

i) সমস্ত কর্মী এবং সদস্যদের ব্রাঞ্চ প্রবেশ ও প্রস্থান করার আগে অবশ্যই তাদের হাত ধুতে / স্যানিটাইজ করতে হবে

ii) 2 ঘন্টার ব্যবধানে অফিস অঞ্চলগুলি স্যানিটাইজ করুন বা পরিষ্কার করুন। আপনার ডেস্কটপ/ল্যাপটপ, টেলিফোন, দরজার হাতল, সিঁড়ি এবং খাওয়ার জায়গা পরিষ্কার করুন

iii) সভা/জনবহুল এলাকায় প্রবেশের সময় হাতে স্যানিটাইজার ব্যবহার করুন

### শ্বাস প্রশ্বাসের শিষ্টাচার স্থাপন করুন

i) সর্বদা মাস্ক ব্যবহার করুন

ii) কাশি এবং হাঁচির সময় মুখ ঢেকে রাখুন

iii) কাশি বা হাঁচির পরে হাত ধুয়ে নিন বা স্যানিটাইজার ব্যবহার করুন





## ব্রাঞ্চ এবং কর্মীদের প্রস্তুতি জন্য পদক্ষেপ

### সামাজিক মেলামেশা এড়ানো

i) কোলাকুলি এবং হ্যান্ডশেক এড়িয়ে চলুন

### সুরক্ষা স্থান পরিচয় করিয়ে দিন

i) সমস্ত কর্মী এবং সদস্যদের কাছ থেকে 3 ফুট / 1 মিটার দূরত্ব বজায় রাখুন

ii) সম্ভব হলে শাখার ক্যাশ কাউন্টার সুবিধা সুবিধা ব্যবহার করে লেনদেন পরিচালনা করুন

iii) ব্রাঞ্চ অফিসে মানুষের ভীড় কমাতে এক সাথে দুইজনের বেশি সদস্য ব্রাঞ্চে প্রবেশ করা নিয়ন্ত্রণ করুন

iv) বয়স্ক, গর্ভবতী বা শিশু যাদের আক্রান্ত হবার ঝুঁকি বেশি তাদের সেবা দেয়ার জন্যে আলাদা সময় নির্দিষ্ট করে দিন

### ব্রাঞ্চে এ সুরক্ষার নির্দেশাবলী দৃশ্যমান রাখুন এবং তা সকলের মেনে চলা নিশ্চিত করুন

# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা

- সম্ভব হলে গ্রুপের প্রতিটি সদস্যকে জড়ো করা প্রত্যাহার করুন।
- এছাড়াও, নিশ্চিত হয়ে নিন যে প্রতিটি সদস্য হাত ধুয়েছেন। আপনি তাদের কেন্দ্র মিটিংয়ের সময় হ্যান্ড স্যানিটাইজার কেনার জন্য বলতে পারেন।
- সঞ্চয় ও ঋণের পাশ বই লেখার সময় এবং নগদ টাকা গ্রহণের সময় গ্লাভস ব্যবহার করুন, গ্রাহকদের কিস্তি পরিশোধের জন্যে বিকল্প হিসাবে ডিজিটাল পেমেন্টে উৎসাহিত করুন।
- যদি গ্লাভস না থাকে, নগদ টাকা নিয়ে কাজ শেষ হবার সাথে সাথে সাবান পানি দিয়ে হাত ধুয়ে ফেলুন বা স্যানিটাইজার ব্যবহার করুন।



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# কর্মক্ষেত্রে কর্মীর স্ব-সুরক্ষা ব্যবস্থা



# বিভাগ ২ - কেন্দ্র মিটিং এর সময় কর্মী ও সদস্য সুরক্ষা

**সারাংশ -** এই বিভাগে একজন ক্রেডিট অফিসার এবং এমএফআই এর সদস্যদের মধ্যে আলোচনার বর্ণনা দেওয়া হয়েছে। তারা কেন্দ্র মিটিং এর আগে করোনা মহামারী চলাকালীন এবং তার পরে অবশ্যই পালনীয় সতর্কতা মূলক কাজগুলো সম্পর্কে এমএফআই কর্মী কে সাথে নিয়ে আলোচনা করবেন।

## স্থান - কেন্দ্র মিটিং



## চরিত্র -



# কেন্দ্র মিটিং পরিচালনা করার আগে






# কেন্দ্র মিটিং পরিচালনা করার আগে




কেন্দ্র মিটিং এর সময়
স্যার, আমরা করোনার বিষয়ে অনেক কিছু শুনেছি। আপনি কি দয়া করে এটি সম্পর্কে আরো কিছু জানাতে পারেন?
আপা, আমি করোনা ভাইরাস সংক্রমণ পদ্ধতি, উপসর্গ, প্রতিরোধ ইত্যাদি সম্পর্কে বিস্তারিত বলব
ঠিক আছে, স্যার!
ক্রেডিট অফিসার সদস্যদের “সদস্য সচেতনতা কমিক” এর মাধ্যমে সচেতন করবেন এবং যাদের স্মার্ট ফোন আছে তাদের সাথে কমিক ফাইল টি শেয়ার করবেন।

## কেন্দ্র মিটিং এর সময়




কেন্দ্র মিটিং এর সময়
কোন অসুবিধা নেই আপা। আপনি কখন শোধ করতে পারবেন বলে মনে করেন?
আমি আমার আগামী কিস্তি বারে কিস্তি পরিশোধ করার চেষ্টা করবো
ঠিক আছে আপা। তবে আগামী সপ্তাহে কিস্তি দিতে ভুলবেন না


কেন্দ্র মিটিং এর পরে
আপা এই তথ্য সম্বলিত কাগজ গুলো নিন এবং এগুলো এমন জাগায় টাঙাবেন যেখান থেকে এলাকার অন্যান্য লোকেরা এটিকে দেখতে পারে।
অবশ্যই স্যার, আমরা এটি এলাকার বিভিন্ন স্থানে লাগিয়ে দিবো এবং আপনার পরামর্শগুলো আমাদের পরিবার এবং অন্যদের সাথে আলোচনা করবো

# কেন্দ্র মিটিং এর পরে


অবশ্যই স্যার। অনেক ধন্যবাদ। কোরোনার বিরুদ্ধে এই লড়াইয়ে আমরা একসাথে থাকবো।
এটা ভাল হবে। এছাড়াও করোনা ভাইরাস সম্পর্কে সমস্ত সরকারী আদেশ মেনে চলবেন।
ঠিক আছে আপা, পরের কেন্দ্র মিটিং এ আপনাদের সকলের সাথে দেখা হবে। সচেতন হোন, নিরাপদে থাকুন

# বিভাগ ৩ - নিরাপদভাবে নগদ অর্থ পরিচালনা অনুশীলন

**সারাংশ -** এই বিভাগে এমএফআই এর ব্রাঞ্চ ম্যানেজার, অ্যাকাউন্টেন্ট এবং ক্রেডিট অফিসার এর মধ্যে আলোচনার বর্ণনা দেওয়া হয়েছে। তারা কেন্দ্র মিটিংয়ের সময় সদস্যদের থেকে টাকা লেনদেন, অফিস কর্তৃক ক্রেডিট অফিসার এর নিকট হতে টাকা গ্রহণ এবং ব্যাংকিং লেনদেন নিয়ে সকল প্রক্রিয়া আলোচনা করেন।

## অবস্থান -ব্রাঞ্চ অফিস



## চরিত্র



# নিরাপদে নগদ অর্থ লেনদেন



# নিরাপদে নগদ অর্থ লেনদেন




ব্যাংক এ যাবার আগে সতর্কতা
হ্যালো ভাই! আমি আজকের কালেকশন এর টাকা জমা দিতে ব্যাংকে যাচ্ছি, কারণ ব্যাংকের সময় শেষ হয়ে যাচ্ছে
ভালো!! দয়া করে আমাদের নগদ লেনদেন করা বিষয়ক যে নির্দেশনা আছে তা অনুসরণ করবেন
অবশ্যই, আমি গ্লাভস ব্যবহার করবো এবং গ্লাভস খুলে ফেলার পর হাত জীবাণুমুক্ত করবো।
ইতিমধ্যে আমি নগদ অর্থ সংগ্রহের জন্য ব্যবহৃত খামগুলি ময়লার ঝুড়িতে ফেলেছি। আমি তাহলে এখন যাই।

# ব্যাংক এ যাবার আগে সতর্কতা



# বিভাগ ৪ - ব্রাঞ্চে সদস্য সুরক্ষা ব্যবস্থা

**সারাংশ** -এই বিভাগে এমএফআই ব্রাঞ্চ ম্যানেজার এবং সদস্যের মধ্যে আলোচনার বর্ণনা রয়েছে। তারা এমএফআই সদস্যদের সুরক্ষার জন্য গৃহীত বিশেষ সেবা ও সুরক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা করেন।

## অবস্থান -ব্রাঞ্চ অফিস



## চরিত্র



# ব্রাঞ্চে সদস্যদের সুরক্ষা ব্যবস্থা



# ব্রাঞ্চে সদস্যদের সুরক্ষা ব্যবস্থা







**01.** শাখায় থাকার সময় দয়া করে একে অপর থেকে ৩ ফুট/ ১ মিটার দূরত্ব বজায় রাখুন

**02.** দয়া করে হাঁচি কাশির শিষ্টাচার মেনে চলুন।

i) সর্বদা মাস্ক পরুন এবং যেখানে সেখানে কফ, থুতু ফেলবেন না।

ii) কাশি বা হাঁচি দেওয়ার সময় সর্বদা আপনার নাক, মুখ ঢেকে রাখুন।

iii) কাশি বা হাঁচি দেওয়ার সাথে সাথে হাত ধুয়ে ফেলুন।

**03.** শাখায় থাকা কালীন অবস্থায় যে কোন ধরনের শারীরিক স্পর্শ এড়িয়ে চলুন।

**04.** দয়া করে শাখার বাইরে অপেক্ষা করুন। অপেক্ষা করার সময় শাখায় বা বাইরে ভিড় তৈরি করবেন না। পর্যায়ক্রমে এক এক করে সবাইকে ডাকা হবে।



# ব্রাঞ্চে সদস্যদের সুরক্ষা ব্যবস্থা






# সদস্যদের জন্য বিশেষ সেবা






# জরুরি ক্ষেত্রে যোগাযোগ





References:
World Health Organization, WHO
Occupational Safety and Health Administration, OSHA
Ministry of Health and Family Welfare, Government of Bangladesh

Disclaimer: Please visit the Ministry of Health and Family Welfare, Govt. of Bangladesh at http://www.mohfw.gov.bd/ for the latest guidelines on COVID-19.

While we have made every attempt to ensure that the information contained in this Comic has been obtained from reliable sources, MSC and/or its partner(s)/funder(s) are not responsible for any errors or omissions, or for the results obtained from the use of this information. All information in this Comic is provided “as is”, with no guarantee of completeness, accuracy, timeliness, or of the results obtained from the use of this information, and without warranty of any kind, express or implied, including, but not limited to warranties of performance, merchantability, and fitness for a particular purpose. The contents of this Comic is intended to convey general information only and not to provide legal advice or opinions and the said Comic should not be construed as, and should not be relied upon for, legal, regulatory, or tax advice in any particular circumstance or situation.

MetLife Foundation

MSC
MicroSave Consulting